বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০২.৩৩.২২.১৩২৭ তারিখ: ২৬-০৬-২০২২খ্রি.

বিষয়ঃ বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২০খ্রিঃ অনুযায়ী প্রতিষ্ঠানের পাঠদান নবায়ন ও একাডেমিক স্বীকৃতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অওতাধীন (ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ও কৃষি ডিপ্লোমা, এইচ এস সি (বিএমটি), এসএসসি (ভোকেশনাল)/দাখিল) বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২০ এর ৫.৩ ধারা অনুযায়ী পাঠদানের অনুমতি নবায়ন (পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রতিবছর প্রতি টেকনোলজি/স্পেশালাইজেশন/ট্রেডের জন্য অনুমতির মেয়াদ নবায়নের জন্য সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি প্রদান করে পরিদর্শন বিভাগের নির্ধারিত ফরমেট অনুযায়ী আবেদন করতে হবে ) এবং স্বীকৃতি অনুমোদন প্রক্রিয়া (৬ ধারা) এর জন্য ৬.১-৬.৩ ধারায় বর্ণিত স্বীকৃতি প্রাপ্তির শর্তসমূহ (পরিশিষ্ট-১৯/ পরিশিষ্ট-১৭/ পরিশিষ্ট-১৮ এর চাহিদা তথ্যসমূহ ক্রমানুসারে ট্যাগ সংযোজনপূর্বক পরিদর্শন বিভাগের নির্ধারিত ফরমেট অনুসারে) পুরণপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের জন্য আবেদন করার অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, এমপিও সংক্রান্ত কার্যক্রম সহ বোর্ডের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পাঠদানের অনুমতি নবায়ন, স্বীকৃতি অনুমোদন ও স্বীকৃতি নবায়ন গুরুত্বপূর্ণ বিষয়।

এমতাবস্থায়, পরিশিষ্ট-১৯/ পরিশিষ্ট-১৭/ পরিশিষ্ট-১৮ (স্বীকৃতির জন্য আবেদনের সাথে জমাকৃত দলিলের চেকলিস্ট) অনুযায়ী স্বীকৃতি প্রাপ্তি/ নবায়ন ও পাঠদান অনুমতির লক্ষ্যে পরিদর্শন বিভাগের ফরমেট অনুসরণপূর্বক আবেদন করার জন্য অনুরোধ করা হল।

| ক্রমিক নং | নীতিমালা ২০২০ অনুযায়ী স্বীকৃতি জন্য পূরণীয় তথ্য |
|---|---|
| ১ | পাঠদানের অনুমোদনের কপি। |
| ২ | সর্বশেষ পাঠদান ও স্বীকৃতি নবায়নের সনদ। (হালনাগাদ কপি) |
| ৩ | নামে জমির দলিল, নামজারি/পর্চা, হালনাগাদ খাজনা-খারিজার কপি। (হালনাগাদ কপি) |
| ৪ | শিক্ষক-কর্মচারীর তালিকা। |
| ৫ | বিগত তিন বছরের চূড়ান্ত পরীক্ষার ফলাফল। |
| ৬ | প্রতিষ্ঠানে নামে স্থায়ী ও চলতি আমানতের কপি।(হালনাগাদ কপি) |
| ৭ | টেকনোলজি অনুযায়ী যন্ত্রপাতির তালিকা/ বিজ্ঞান ল্যাব ও স্পেশালাইজেশন অনুযায়ী যন্ত্রপাতির তালিকা (২০ টি সচল কম্পিউটার)/ বিজ্ঞান ল্যাব ও ট্রেড অনুযায়ী যন্ত্রপাতির তালিকা। |
| ৮ | শিক্ষা উপকরন ও আসবাবপত্রের বিবরন। |
| ৯ | সাংগঠনিক/ব্যবস্থাপনা কমিটির অনুমোদন কপি। সংযুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষানুরাগী সদস্য অনুমোদন কপি। (হালনাগাদ কপি) |
| ১০ | নীতিমালা অনুযায়ী ভৌত অবকাঠামো, ক্লাস রুম এবং ল্যাবসহ অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত হয়েছে কিনা। |
| ১১ | প্রতিষ্ঠানের নামে হালনাগাদ বিদ্যুৎ বিলের কপি সংযুক্ত করতে হবে।(হালনাগাদ কপি) |
| ১২ | ক্লাশ রুটিন। |

২৬/০৬/22

(প্রকৌ. মো: খালেদ হোসেন)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ, ...............................................
স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০২.৩৩.২২.১৩২৭ তারিখ: ২৬-০৬-২০২২খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৩-৫ সচিব/ পরিচালক/ ( কারিকুলাম)/ পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি) , বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক,...........................................
৭. উপজেলা নির্বাহী অফিসার,....................................
৮. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস নথি।

২৬/৬/22

(ড. ইন্দ্রানী ধর)
উপ-পরিদর্শক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।